গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
আইন শাখা
www.plandiv.gov.bd

নজরুল বর্ষ

২৭ কার্তিক ১৪৩৩

স্মারক নম্বর: ২০.০০.০০০০.০০০.৩১০.০৪.০০০৯.২৬-১১১

তারিখ:----------
১২ নভেম্বর ২০২৬

বিষয়: বার্ষিক ক্রয়পরিকল্পনা (Annual Procurement plan), পরামর্শসেবার কর্মপরিধি (টিওআর), আবেদনের শর্তাবলী, আবেদন/প্রস্তাব ফরম, আবেদনপত্রের নমুন এবং ০২টি জাতীয় দৈনিক (বাংলা ও ইংরেজি) পত্রিকায় প্রকাশের জন্য আগ্রহব্যক্তকরণের অনুরোধ-সংবলিত বিজ্ঞাপন আগামী ২৩-১১-২০২৬ খ্রি: তারিখ থেকে পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে (www.plandiv.gov.bd) প্রকাশকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিকল্পনা বিভাগে সরকারের গুরুত্বপূর্ণ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট মামলাসমূহ যথাযথভাবে পরিচালনার লক্ষ্য ০৩ (তিন) জন বেসরকারি আইনজীবীর সমন্বয়ে প্যানেল গঠন এবং গঠিত প্যানেল থেকে ০১ (এক) জন বেসরকারি আইনজীবী নিয়োগ প্রদান করা হবে। তৎপ্রেক্ষিতে ব্যক্তিভিত্তিক পরামর্শক নির্বাচন পদ্ধতিতে সেবা ক্রয়ের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ অনুযায়ী বার্ষিক ক্রয়পরিকল্পনা (Annual Procurement plan), পরামর্শসেবার কর্মপরিধি (টিওআর), আবেদনের শর্তাবলী, আবেদন/প্রস্তাব ফরম, আবেদনপত্রের নমুনা এবং ০২টি জাতীয় দৈনিক (বাংলা ও ইংরেজি) পত্রিকায় প্রকাশের জন্য আগ্রহব্যক্তকরণের অনুরোধ-সংবলিত বিজ্ঞাপনসহ প্রত্যেকটির ০১ (এক) কপি করে মোট ০৬ (ছয়) পাতা এসঙ্গে প্রেরণ করা হলো।

০২। বর্ণিতাবস্থায়, প্রেরিত বার্ষিক ক্রয়পরিকল্পনা (Annual Procurement plan), পরামর্শসেবার কর্মপরিধি (টিওআর), আবেদনের শর্তাবলী, আবেদন/প্রস্তাব ফরম, আবেদনপত্রের নমুনা এবং ০২টি জাতীয় দৈনিক (বাংলা ও ইংরেজি) পত্রিকায় প্রকাশের জন্য আগ্রহব্যক্তকরণের অনুরোধ-সংবলিত বিজ্ঞাপনসহ প্রত্যেকটির কপি আগামী **২৩-১১-২০২৬ খ্রি: তারিখ** থেকে পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে (www.plandiv.gov.bd) প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্তি: বর্ণানামতে ০৬ (ছয়) পাতা।

১২/১১/২০২৬

(মোঃ হাবিবুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ২২২২১৬৭৫২

সিনিয়র সিস্টেম এনালিস্ট
আইসিটি সেল
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রনালয়।

২৭ কার্তিক ১৪৩৩

স্মারক নম্বর: ২০.০০.০০০০.০০০.৩১০.০৪.০০০৯.২৬.

তারিখ:----------
১২ নভেম্বর ২০২৬

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩। যুগ্মসচিব (সমন্বয় ও আইন), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। উপসচিব (আইন), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫। সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অফিস কপি।

(মোঃ হাবিবুর রহমান)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
আইন শাখা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.plandiv.gov.bd

স্মারক নম্বর:২০.০০.০০০০.০০০.৩১০.০৪.০০০৯.২৬-১০৮

২৫ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
তারিখ:----------
১০ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

পরিকল্পনা বিভাগে ০৩ (তিন) জন বেসরকারি আইনজীবীর সমন্বয়ে প্যানেল গঠন এবং গঠিত প্যানেল হতে ০১ (এক) জন বেসরকারি আইনজীবী নিয়োগের জন্য তালিকাভুক্তির বিজ্ঞাপন

পরিকল্পনা বিভাগে সরকারের গুরুত্বপূর্ণ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট মামলাসমূহ যথাযথভাবে পরিচালনার লক্ষ্যে ০৩ (তিন) জন বেসরকারি আইনজীবীর সমন্বয়ে প্যানেল গঠন এবং গঠিত প্যানেল হতে ০১ (এক) জন বেসরকারি আইনজীবী নিয়োগের জন্য আগ্রহী বিজ্ঞ আইনজীবীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে প্রস্তাব/আবেদন আহবান করা যাচ্ছে।

শর্তাবলী:

০১।	পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত আবেদন ফরম (নিয়মাবলীসহ), আবেদনের শর্তাবলী, আবেদনপত্রের নমুনা, কর্মপরিধি (টিওআর) ইত্যাদি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে (www.plandiv.gov.bd) পাওয়া যাবে। ফরমটি ডাউনলোড করে অথবা একই ছকে নিজে প্রস্তুত করে যথাযথভাবে পূরণ করে আবেদন করা যাবে। ফরমের নিচে বর্ণিত নিয়মাবলী অনুসরণ করে আবেদন/প্রস্তাব দাখিল করতে হবে।
০২।	পরিকল্পনা বিভাগে সরকারের গুরুত্বপূর্ণ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট মামলাসমূহ যথাযথভাবে পরিচালনার লক্ষ্যে ০৩ (তিন) জন বেসরকারি আইনজীবীর সমন্বয়ে প্যানেল গঠন করা হবে
০৩।	গঠিত বেসরকারি আইনজীবী প্যানেল হতে ০১ (এক) জন বেসরকারি আইনজীবী নিয়োগ প্রদান করা হবে।
০৪।	এ নিয়োগ কেবল পরিকল্পনা বিভাগ সম্পর্কিত উচ্চ আদালতে চলমান মামলার ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং তা সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগপত্রে উল্লিখিত সময়সীমার জন্য কার্যকর হবে।
০৫।	নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে ০১ (এক) মাসের নোটিশ দিয়ে নিয়োগ বাতিল করতে পারবে কিংবা নিয়োগকৃত আইনজীবী ব্যক্তিগত কারণ দেখিয়ে নিজেও ০১ (এক) মাসের অগ্রিম নোটিশ দিয়ে নিয়োগকারী কর্তৃপক্ষ বরাবর নিজ দায়িত্ব থেকে অব্যাহতি নিতে পারবেন।
০৬।	নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনে নির্ধারিত ফি ও সম্মানী প্রদানের মাধ্যমে মন্ত্রণালয়ের অধীনস্ত দপ্তরসমূহে প্রেষণে কাজ করার দায়িত্ব প্রদান করলে নিয়োগকৃত আইনজীবী প্রেষণে কাজ করতে বাধ্য থাকবেন।
০৭।	অন্য কোনো প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্ত থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে।
০৮।	হাইকোর্ট বিভাগে এডভোকেট হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আপীল বিভাগে মামলা পরিচালনার অনুমতি থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। ডিএজি/এএজি হিসেবে অভিজ্ঞতা থাকলে বিজ্ঞ এটর্নি জেনারেলের দপ্তর থেকে অভিজ্ঞতার সনদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
০৯।	পরিকল্পনা বিভাগের স্বার্থ আছে এমন কোনো মামলায় পরিকল্পনা বিভাগের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবে না।
১০।	আবেদনকারীর বয়স ২৩-১১-২০২৬ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৬৫ (পঁয়ষট্টি) বছর হতে হবে।
১১।	পরিকল্পনা বিভাগে নিযুক্ত বেসরকারি আইনজীবী কোনো নির্দিষ্ট মামলায় নিযুক্ত হলে উক্ত বেসরকারি আইনজীবী টিওআর-এর সাথে সংযুক্ত তালিকায় (যা টিওআর এর অংশ) বর্ণিত (পরবর্তীতে সময় সময় হালনাগাদকৃত) হারে ফি/ভাতা/সম্মানী প্রাপ্য হবেন। উক্ত ফি/ভাতা/সম্মানী হতে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করা হবে। তালিকায় (যা টিওআর এর অংশ) উল্লিখিত খাতসমূহের বাইরে অন্য কোনো প্রকার বেতন-ভাতা/ফি/সম্মানী প্রাপ্য হবেন না।
১২।	প্যানেলভুক্ত বেসরকারি আইনজীবী হতে পরিকল্পনা বিভাগ কর্তৃক স্বতন্ত্র নিয়োগপত্রের ভিত্তিতে নিযুক্ত হলে কেবল সে ক্ষেত্রেই উক্ত বেসরকারি আইনজীবী তালিকায় (যা টিওআর এর অংশ) বর্ণিত (পরবর্তীতে সময় সময় হালনাগাদকৃত) হারে ফি/ভাতা/সম্মানী প্রাপ্য হবেন। শুধু প্যানেলভুক্ত থাকার কারণে কোনো বেসরকারি আইনজীবী কোনো প্রকার ফি/ভাতা/সম্মানী অথবা মাসিক বেতন-ভাতা প্রাপ্য হবেন না।
১৩।	প্যানেলভুক্তির জন্য মনোনীত বেসরকারি আইনজীবীকে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নিগোসিয়েশনের মাধ্যমে প্রণীত দ্বিপাক্ষিক চুক্তিনামায় স্বাক্ষর করতে হবে।
১৪।	আবেদনপত্রের সাথে এসএসসি, এইচএসসি, স্নাতক/স্নাতকোত্তর, আইন বিষয়ক ডিগ্রিসহ শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এবং বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত পেশাগত/অভিজ্ঞতা সংক্রান্ত সনদসমূহের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
১৫।	নিযুক্ত বেসরকারি আইনজীবী নিযুক্তির তারিখ থেকে ০৩ (তিন) বছর পর্যন্ত মেয়াদকার্যকর থাকবে, তবে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক মেয়াদ বর্ধিত করা হলে একই শর্তাধীনে নতুন করে চুক্তিনামা স্বাক্ষরের পরিপ্রেক্ষিতে নতুন মেয়াদে তা কার্যকর হবে।

(পূর্ববর্তী পৃষ্ঠার পর)

১৬।	নিযুক্ত কোনো বেসরকারি আইনজীবী সরকারের পক্ষে মামলা পরিচালনার কারণে বা অন্য কোনোভাবে মামলা সংক্রান্ত নথিতে রক্ষিত সরকার পক্ষের গোপনীয় কোনো তথ্য (উপাত্ত, ম্যাপ, ছবি, সিদ্ধান্ত ইত্যাদি) কিংবা কোনো বিশেষ তথ্য অথবা না থাকা সংক্রান্ত তথ্য, সরকার বা মন্ত্রণালয়ের বিপক্ষে কার্যরত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরবরাহ বা অন্য কোনোরূপে অবহিত করতে পারবে না।
১৭।	নিয়োগপ্রাপ্ত বিজ্ঞ আইনজীবী'র ফি/ভাতা/সম্মানী বাবদ ব্যয় পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট পরিচালন বাজেট খাত হতে নির্বাহ করা হবে।
১৮।	নিযুক্ত আইনজীবীকে পরিকল্পনা বিভাগের নির্দেশনামতে বিজ্ঞ এটর্নি জেনারেল অফিসের সাথে সার্বিক সমন্বয়ের মাধ্যমে অর্পিত দায়িত্ব পালন করতে হবে।
১৯।	নিযুক্ত আইনজীবীকে মামলা পরিচালনায় রাষ্ট্রপক্ষের আইন কর্মকর্তাকে সহায়তা করতে হবে।
২০।	সরকারি স্বার্থে মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে নিযুক্ত বিজ্ঞ বেসরকারি আইনজীবীকে সদা তৎপর থাকতে হবে।
২১।	নিযুক্ত বেসরকারি আইনজীবীকে মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতি ০৩ (তিন) মাস অন্তর নির্দিষ্ট 'ছকে' সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় বরাবর দাখিল করতে হবে।
২২।	পরিকল্পনা বিভাগের বিপক্ষে কোনো মামলায় রায় হলে জরুরী ভিত্তিতে পরবর্তী করনীয় বিষয়ে লিখিতভাবে সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় বরাবর অবহিত করতে হবে।
২৩।	পরিকল্পনা বিভাগে নিযুক্ত বেসরকারি আইনজীবী থাকাকালীন, এ বিভাগের মামলা সংক্রান্ত কোনো বিষয়ে অন্য কোনো বিজ্ঞ বেসরকারি আইনজীবী বা প্রতিপক্ষকে কোনরূপ সহযোগিতা/মতামত প্রদান কিংবা এ বিভাগের বিপক্ষে কোনো আদালতে মামলা পরিচালনা করতে পারবেন না।
২৪।	আবেদনকারীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাস করতে হবে।
২৫।	অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত সকল আবেদন সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে।
২৬।	প্যানেলভুক্তি এবং নিয়োগের জন্য দাখিলকৃত যে কোনো আবেদন কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে অনুমোদন বা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। বেসরকারি আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
২৭।	প্রস্তাব/আবেদন আগামী ০৭ ডিসেম্বর, ২০২৬ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকার মধ্যে সরাসরি, কুরিয়ার অথবা ডাকযোগে নিম্নের ঠিকানায় পৌছানো নিশ্চিত করতে হবে। **<u>প্রস্তাব/আবেদন দাখিল/প্রেরণের ঠিকানা:</u>** সিনিয়র সহকারী সচিব আইন শাখা পরিকল্পনা বিভাগ পরিকল্পনা মন্ত্রণালয় ভবন নং-০৬, কক্ষ নং-১৪ (২য় তলা) শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

২৭/১১/২০২৬

(মোঃ হাবিবুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ও
সদস্য সচিব
দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি
পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।

আবেদনপত্র দাখিলের নমুনা:

(PS3, Form 3A. Application Submission)-অনুযায়ী

বরাবর

সচিব
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
ভবন নং-০৪, কক্ষ নং- ১-২
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

মহোদয়,

---|

আপনার বিশ্বস্ত,

স্থান ও তারিখ:----------

আবেদনকারির স্বাক্ষর:
নাম ও ঠিকানা:
স্বাক্ষরের তারিখ ও সিল
টেলিফোন:

সংযুক্তি:

১১/২০২৬
মোঃ হাবিবুর রহমান
সিনিয়র সহকারী সচিব
আইন শাখা
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা বিভাগে ০৩ (তিন) জন বেসরকারি আইনজীবী সমন্বয়ে প্যানেল গঠন এবং গঠিত প্যানেল হতে ০১ (এক) জন বেসরকারি আইনজীবী নিয়োগের জন্য আবেদন ফরম (প্রস্তাব পত্র)

০১।	আবেদনকারী নাম	:
০২।	পিতা/স্বামীর নাম	:
০৩।	মাতার নাম	:
০৪।	জন্ম তারিখ	:
০৫।	২৩-১১-২০২৬ তারিখ বয়স	:
০৬।	স্থায়ী ঠিকানা	:
০৭।	বর্তমান/যোগাযোগের ঠিকানা	:
০৮।	চেম্বর/অফিসের ঠিকানা	:
০৯।	অন্য কোনো প্রতিষ্ঠানে প্যানেলভুক্ত কি না	:
১০।	শিক্ষাগত যোগ্যতা (আইন বিষয় ও ডিগ্রিসহ)	:

পরীক্ষার নাম	পাসের সন/বছর	কলেজ/বিশ্ববিদ্যালয়	প্রাপ্ত বিভাগ	প্রাপ্ত জিপিএ	প্রাপ্ত সিজিপিএ

১১।	অন্যান্য প্রশিক্ষণ (কম্পিউটার প্রশিক্ষণসহ)	:			
১২	ভাষা ও দক্ষতার মাত্রা	**Language**	**Speaking**	**Reading**	**Writing**
১৩।	হাইকোর্ট বিভাগে এনরোলমেন্টের তারিখ	:			
১৪।	হাইকোর্ট বিভাগে প্র্যাকটিসের অভিজ্ঞতা	:			
১৫।	আপীল বিভাগে এনরোলমেন্টের তারিখ	:			
১৬।	আপীল বিভাগে প্র্যাকটিসের অভিজ্ঞতা	:			
১৭।	বিশেষ যোগ্যতা/অভিজ্ঞতা (যদি থাকে)	:			
১৮।	ফোন/মোবাইল নম্বর	:			
১৯।	ই-মেইল নম্বর	:			
২০।	জাতীয় পরিচয় পত্রের নম্বর	:			
২১।	টিআইএন নম্বর (সর্বশেষ অর্থবছরের আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্রসহ)	:			

আবেদনকারীর স্বাক্ষর
নাম:----------
তারিখ ও সিল (seal)

(পূর্ববর্তী পৃষ্ঠার পর)

আবেদন দাখিলের নিয়ামাবলীঃ

১। আবেদনকারী ফরম নিজে প্রস্তুত করে যথাযথভাবে পূরণপূর্বক নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দাখিল করতে হবে।

২। আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

৩। সকল শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়িত কপি (এসএসসি/সমমান, এইচএসসি/সমমান, স্নাতক/সমমান, স্নাতকোত্তর/সমমান পরীক্ষাসহ আইনের ডিগ্রী অর্জনের সনদের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪। আইন বিষয়ে যোগ্যতার সনদসহ সংশ্লিষ্ট বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত সকল পেশাগত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৫। অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৬। জাতীয় পরিচয়পত্রে সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৭। টিআইএন সার্টিফিকেট কপি (সর্বশেষ অর্থবছরের আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্রসহ) সংযুক্ত করতে হবে।

৮। আবেদন/প্রস্তাব আবদ্ধ খামে (খামের উপর প্রেরকের নাম, ঠিকানাসহ) আগামী ১৭ ডিসেম্বর, ২০২৬ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকার মধ্যে সরাসরি, কুরিয়ার অথবা ডাকযোগে নিম্নের ঠিকানায় পৌঁছানো নিশ্চিত করতে হবে।

আবেদন/প্রস্তাব দাখিল/প্রেরণের ঠিকানা:

সিনিয়র সহকারী সচিব
আইন শাখা
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
ভবন নং-০৬, কক্ষ নং-১৪ (২য় তলা)
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

০৫/১২/২০২৬
মোঃ হাবিবুর রহমান
সিনিয়র সহকারী সচিব
আইন শাখা
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা বিভাগে ০৩ (তিন) জন বেসরকারি আইনজীবীর সমন্বয়ে প্যানেল গঠন এবং গঠিত প্যানেল হতে ০১ (এক) জন বেসরকারি আইনজীবী নিয়োগের জন্য আবেদনের শর্তাবলী (Requisites for Application)

০১। পরিকল্পনা বিভাগে সরকারের গুরুত্বপূর্ণ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট মামলাসমূহ যথাযথভাবে পরিচালনার লক্ষ্যে ০৩ (তিন) জন বেসরকারি আইনজীবীর সমন্বয়ে প্যানেল গঠন করা হবে।

০২। গঠিত বেসরকারি আইনজীবী প্যানেল হতে ০১ (এক) জন বেসরকারি আইনজীবী নিয়োগ প্রদান করা হবে।

০৩। এ নিয়োগ কেবল পরিকল্পনা বিভাগ সম্পর্কিত উচ্চ আদালতে চলমান মামলার ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং তা সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগপত্রে উল্লিখিত সময়সীমার জন্য কার্যকর হবে।

০৪। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে ০১ (এক) মাসের নোটিশ দিয়ে নিয়োগ বাতিল করতে পারবে কিংবা নিয়োগকৃত আইনজীবী ব্যক্তিগত কারণ দেখিয়ে নিজেও ০১ (এক) মাসের অগ্রিম নোটিশ দিয়ে নিয়োগকারী কর্তৃপক্ষ বরাবর নিজ দায়িত্ব থেকে অব্যাহতি নিতে পারবেন।

০৫। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনে নির্ধারিত ফি ও সম্মানী প্রদানের মাধ্যমে মন্ত্রণালয়ের অধীনস্ত দপ্তরসমূহে প্রেষণে কাজ করার দায়িত্ব প্রদান করলে নিয়োগকৃত আইনজীবী প্রেষণে কাজ করতে বাধ্য থাকবেন।

০৬। অন্য কোনো প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্ত থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে।

০৭। হাইকোর্ট বিভাগে এডভোকেট হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আপীল বিভাগে মামলা পরিচালনার অনুমতি থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। ডিএজি/এএজি হিসেবে অভিজ্ঞতা থাকলে বিজ্ঞ এটর্নি জেনারেলের দপ্তর থেকে অভিজ্ঞতার সনদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৮। পরিকল্পনা বিভাগের স্বার্থ আছে এমন কোনো মামলায় পরিকল্পনা বিভাগের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবে না।

০৯। আবেদনকারীর বয়স ২৩-১১-২০২৬ খ্রিঃ তারিখে অনুর্দ্ধ ৬৫ (পঁয়ষট্টি) বছর হতে হবে।

১০। পরিকল্পনা বিভাগে নিযুক্ত বেসরকারি আইনজীবী কোনো নির্দিষ্ট মামলায় নিযুক্ত হলে উক্ত বেসরকারি আইনজীবী টিওআর-এর সাথে সংযুক্ত তালিকায় (যা টিওআর এর অংশ) বর্ণিত (পরবর্তীতে সময় সময় হালনাগাদকৃত) হারে ফি/ভাতা/সম্মানী প্রাপ্য হবেন। উক্ত ফি/ভাতা/সম্মানী হতে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করা হবে। তালিকায় (যা টিওআর এর অংশ) উল্লিখিত খাতসমূহের বাইরে অন্য কোনো প্রকার বেতন-ভাতা/ফি/সম্মানী প্রাপ্য হবেন না।

১১। প্যানেলভুক্ত বেসরকারি আইনজীবী হতে পরিকল্পনা বিভাগ কর্তৃক স্বতন্ত্র নিয়োগপত্রের ভিত্তিতে নিযুক্ত হলে কেবল সে ক্ষেত্রেই উক্ত বেসরকারি আইনজীবী তালিকায় (যা টিওআর এর অংশ) বর্ণিত (পরবর্তীতে সময় সময় হালনাগাদকৃত) হারে ফি/ভাতা/সম্মানী প্রাপ্য হবেন। শুধু প্যানেলভুক্ত থাকার কারণে কোনো বেসরকারি আইনজীবী কোনো প্রকার ফি/ভাতা/সম্মানী অথবা মাসিক ভাতা প্রাপ্য হবেন না।

১২। প্যানেলভুক্তির জন্য মনোনীত বেসরকারি আইনজীবীকে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নিগোসিয়েশনের মাধ্যমে প্রণীত দ্বিপাক্ষিক চুক্তিনামায় স্বাক্ষর করতে হবে।

(পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য)

(পূর্ববর্তী পৃষ্ঠার পর)

১৩। আবেদনপত্রের সাথে এসএসসি, এইচএসসি, স্নাতক/স্নাতকোত্তর, আইন বিষয়ক ডিগ্রিসহ শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এবং বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত পেশাগত/অভিজ্ঞতা সংক্রান্ত সনদসমূহের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

১৪। নিযুক্ত বেসরকারি আইনজীবী নিযুক্তির তারিখ থেকে ০৩ (তিন) বছর পর্যন্ত মেয়াদ কার্যকর থাকবে, তবে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক মেয়াদ বর্ধিত করা হলে একই শর্তাধীনে নতুন করে চুক্তিনামা স্বাক্ষরের পরিপ্রেক্ষিতে নতুন মেয়াদে তা কার্যকর হবে।

১৫। নিযুক্ত কোনো বেসরকারি আইনজীবী সরকারের পক্ষে মামলা পরিচালনার কারণে বা অন্য কোনোভাবে মামলা সংক্রান্ত নথিতে রক্ষিত সরকার পক্ষের গোপনীয় কোনো তথ্য (উপাত্ত, ম্যাপ, ছবি, সিদ্ধান্ত ইত্যাদি) কিংবা কোনো বিশেষ তথ্য অথবা না থাকা সংক্রান্ত তথ্য, সরকার বা মন্ত্রণালয়ের বিপক্ষে কার্যরত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরবরাহ বা অন্য কোনোরূপে অবহিত করতে পারবে না।

১৬। নিয়োগপ্রাপ্ত বিজ্ঞ আইনজীবী'র ফি/ভাতা/সম্মানী বাবদ ব্যয় পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট পরিচালন বাজেট খাত হতে নির্বাহ করা হবে।

১৭। নিযুক্ত আইনজীবীকে পরিকল্পনা বিভাগের নির্দেশনামতে বিজ্ঞ এটর্নি জেনারেল অফিসের সাথে সার্বিক সমন্বয়ের মাধ্যমে অর্পিত দায়িত্ব পালন করতে হবে।

১৮। নিযুক্ত আইনজীবীকে মামলা পরিচালনায় রাষ্ট্রপক্ষের আইন কর্মকর্তাকে সহায়তা করতে হবে।

১৯। সরকারি স্বার্থে মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে নিযুক্ত বিজ্ঞ বেসরকারি আইনজীবীকে সদা তৎপর থাকতে হবে।

২০। নিযুক্ত বেসরকারি আইনজীবীকে মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতি ০৩ (তিন) মাস অন্তর নির্দিষ্ট 'ছকে' সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় বরাবর দাখিল করতে হবে।

২১। পরিকল্পনা বিভাগের বিপক্ষে কোনো মামলায় রায় হলে জরুরী ভিত্তিতে পরবর্তী করনীয় বিষয়ে লিখতভাবে সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় বরাবর অবহিত করতে হবে।

২২। পরিকল্পনা বিভাগের নিযুক্ত আইনজীবী থাকাকালীন কোনো বিজ্ঞ বেসরকারি আইনজীবী এ বিভাগের মামলা সংক্রান্ত কোনো বিষয়ে প্রতিপক্ষকে কোনরূপ সহযোগিতা/মতামত প্রদান কিংবা এ বিভাগের বিপক্ষে কোনো আদালতে মামলা পরিচালনা করতে পারবেন না।

২৩। আবেদনকারীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাস করতে হবে।

২৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত সকল আবেদন সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে।

২৫। প্যানেলভুক্তি এবং নিয়োগের জন্য দাখিলকৃত যে কোনো আবেদন কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে অনুমোদন বা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। বেসরকারি আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৪/১২/২০২৬

মোঃ হাবিবুর রহমান
সিনিয়র সহকারী সচিব

পরিকল্পনা বিভাগে ০৩ (তিন) জন বেসরকারি আইনজীবীর সমন্বয়ে প্যানেল গঠন এবং গঠিত প্যানেল হতে নিযুক্ত ০১ (এক) জন বেসরকারি আইনজীবীর জন্য সেবা প্রদানের কর্মপরিধি (Terms of Reference)

০১। পরিকল্পনা বিভাগে সরকারের গুরুত্বপূর্ণ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট মামলাসমূহ যথাযথভাবে পরিচালনার লক্ষ্যে ০৩ (তিন) জন বেসরকারি আইনজীবীর সমন্বয়ে প্যানেল গঠন করা হবে।

০২। গঠিত বেসরকারি আইনজীবী প্যানেল হতে ০১ (এক) জন বেসরকারি আইনজীবী নিয়োগ প্রদান করা হবে।

০৩। এ নিয়োগ কেবল পরিকল্পনা বিভাগ সম্পর্কিত উচ্চ আদালতে চলমান মামলার ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং তা সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগপত্রে উল্লিখিত সময়সীমার জন্য কার্যকর হবে।

০৪। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে ০১ (এক) মাসের নোটিশ দিয়ে নিয়োগ বাতিল করতে পারবে কিংবা নিয়োগকৃত আইনজীবী ব্যক্তিগত কারণ দেখিয়ে নিজেও ০১ (এক) মাসের অগ্রিম নোটিশ দিয়ে নিয়োগকারী কর্তৃপক্ষ বরাবর নিজ দায়িত্ব থেকে অব্যাহতি নিতে পারবেন।

০৫। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনে নির্ধারিত ফি ও সম্মানী প্রদানের মাধ্যমে মন্ত্রণালয়ের অধীনস্ত দপ্তরসমূহে প্রেষণে কাজ করার দায়িত্ব প্রদান করলে নিয়োগকৃত আইনজীবী প্রেষণে কাজ করতে বাধ্য থাকবেন।

০৬। প্রতিটি মামলার রায় ঘোষণার সাথে সাথে নিয়োগকৃত আইনজীবী রায়ের সার্টিফাইড কপি উত্তোলনপূর্বক সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করবেন এবং ফটোকপি বিলের সাথে দাখিল করবেন।

০৭। বিজ্ঞ আইনজীবী হিসেবে নিয়োজিত থাকাকালীন নির্ধারিত ফি/ভাতা/সম্মানী ব্যতীত নিযুক্ত বিজ্ঞ বেসরকারি আইনজীবীকে অন্য কোনো প্রকার বেতন-ভাতা বা অতিরিক্ত সম্মানী প্রদান করা হবে না।

০৮। নিয়োগপ্রাপ্ত বিজ্ঞ আইনজীবী'র ফি/ভাতা/সম্মানী বাবদ ব্যয় পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট পরিচালন বাজেট খাত হতে নির্বাহ করা হবে।

০৯। নিযুক্ত আইনজীবীকে পরিকল্পনা বিভাগের নির্দেশনামতে বিজ্ঞ এটর্নি জেনারেল অফিসের সাথে সার্বিক সমন্বয়ের মাধ্যমে অর্পিত দায়িত্ব পালন করতে হবে।

১০। নিযুক্ত আইনজীবীকে মামলা পরিচালনায় রাষ্ট্রপক্ষের আইন কর্মকর্তাকে সহায়তা করতে হবে।

১১। সরকারি স্বার্থে মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে নিযুক্ত বিজ্ঞ বেসরকারি আইনজীবীকে সদা তৎপর থাকতে হবে।

১২। নিযুক্ত বেসরকারি আইনজীবী'র নিকট হস্তান্তরিত যে কোনো মামলা যে কোনো সময় কর্তৃপক্ষের নির্দেশমতে প্রযোজ্য ক্ষেত্রে অন্য কোনো আইনজীবীর নিকট উক্ত মামলার কাগজপত্র/দলিলাদি/অনাপত্তি পত্রসহ হস্তান্তর করতে সম্মত থাকবেন।

১৩। পরিকল্পনা বিভাগ সংশ্লিষ্ট অন্য আইনজীবী দ্বারা পরিচালিত যে কোনো মামলা যে কোনো পর্যায়ে নিযুক্ত বেসরকারি আইনজীবীর নিকট হস্তান্তর করলে তিনি তা গ্রহণ করতে সম্মত থাকবেন।

১৪। পরিকল্পনা বিভাগের নিযুক্ত আইনজীবী থাকাকালীন কোনো বিজ্ঞ বেসরকারি আইনজীবী এ বিভাগের মামলা সংক্রান্ত কোনো বিষয়ে প্রতিপক্ষকে কোনরূপ সহযোগিতা/মতামত প্রদান কিংবা এ বিভাগের বিপক্ষে কোনো আদালতে মামলা পরিচালনা করতে পারবেন না।

১৫। পরিকল্পনা বিভাগের সার্বিক তত্ত্বাবধানে থেকে এ বিভাগের সংশ্লিষ্ট মামলা ও আইন সংক্রান্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে নিযুক্ত বেসরকারি আইনজীবী'র আন্তরিকতার অভাব কিংবা যথাযথ তদারকির ত্রুটির কারণে সরকার পক্ষ কোনরূপ ক্ষতির সম্মুখীন হলে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট তাঁর জবাবদিহি থাকবে।

(পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য)

(পূর্ববর্তী পৃষ্ঠার পর)

১৬। বিজ্ঞ বেসরকারি আইনজীবীর নিকট হস্তান্তরিত সকল মামলার তথ্যাদি যথাযথভাবে রেজিস্টারভুক্ত (ডাটাবেজ) করে প্রত্যেক মামলার হালনাগাদ অবস্থা প্রতি ০৩ (তিন) মাস অন্তর সচিব, পরিকল্পনা বিভাগকে যথাসময়ে অবহিত করতে হবে।

১৭। কোনো মামলায় শুনানী হলে শুনানী হিসেবে বিল পরিশোধ করা হবে।

১৮। নিয়োগকৃত আইনজীবী'র ফি/ভাতা/সম্মানী হতে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১৯। হাইকোর্ট ও আপীল বিভাগে কোনো মামলার বিশেষ শুনানীতে পরিকল্পনা বিভাগের নিযুক্ত বেসরকারি আইনজীবী বিশেষ প্রয়োজনে অন্য কোনো উপযুক্ত বেসরকারি আইনজীবী'র সহযোগিতা গ্রহণ করতে পারবেন। এ ক্ষেত্রে বাইরের নিযুক্ত বেসরকারি আইনজীবী কোনো প্রকার অতিরিক্ত ফি/ভাতা/সম্মানী পাবেন না।

বেসরকারি আইনজীবীগণের ফি/ভাতা/সম্মানী'র হার নির্ধারণ-এর তালিকা (টিওআর এর অংশ):

ক্রম:	খরচ সংক্রান্ত বর্ণনা	অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত হার (মামলা প্রতি)
১।	মামলার আর্জি ও জবাব প্রস্তুত, দাখিলকণ, আপিল/রিভিউ/রিভিশন/গ্রাউন্ডস প্রস্তুত এবং দাখিলকরণ/এফিডেভিট ইন কমপ্লায়েন্স প্রস্তুতপূর্বক আদালতে দাখিল	২৫,০০০/-
২।	মামলার আর্জি বা জবাব সংশোধন/কাউন্টার এফিডেভিট/সাপ্লিমেন্টারি এফিডেভিট/স্থগিত আদেশ/নিষেধাজ্ঞা বা অন্তবর্তী আদেশ ভ্যাকেটের জন্য আবেদন দাখিল	১০,০০০/-
৩।	পেপারবুক প্রস্তুতকরণ	প্রকৃত খরচ
৪।	এডভোকেট অন রেকর্ডের ফি (প্রতি ধার্য তারিখে আদালতে উপস্থিতির জন্য)	হাইকোর্ট বিভাগের জন্য প্রযোজ্য নয়
৫।	লিগ্যাল নোটিশ প্রস্তুত ও জারি/লিগ্যাল নোটিশের জবাব প্রস্তুত ও জারি	৩,০০০/-
৬।	শুনানী (মোশনসহ), চূড়ান্ত শুনানী/বিশেষ শুনানী/সাবস্ট্যানটিভ শুনানী	২০,০০০/-
৭।	কোর্ট ফি/তলবানা ফি/সেকশন খরচ/সিকিউরিটি মানি জমা	প্রকৃত খরচ
৮।	মামলার আর্জি/জবাব/রায়/আদেশ এর সার্টিফাইড কপি উত্তোলন	প্রকৃত ব্যয় (সরকার/আদালত কর্তৃক নির্ধারিত হার অনুযায়ী)
৯।	আইনগত মতামত	৩,০০০/-
১০।	বিবিধ (ফটোকপি, যোগাযোগ, মোবাইল খরচ প্রভৃতিসহ)	২,০০০/-

০৮/১১/২০২৫

শেখ হাবিবুর রহমান
সিনিয়র সহকারী সচিব
আইন শাখা
পরিকল্পনা বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
আইন শাখা

বার্ষিক ক্রয় পরিকল্পনা (Annual Procurement Plan) ২০২৬-২০২৭

পরিচালন বাজেট ১১৪০১০১১০৩৩৬৩: সচিবালয়

(পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ২৫, তফসিল-৫-এর অংশ 'চ' অনুযায়ী)

াত, কজ হের ণ ও কজ ং	বুদ্ধিভিত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের জন্য সেবার বর্ণনা	ইউনিট	পরিমাণ	ক্রয় পদ্ধতি ও ধরণ	অনুমোদন কারী কর্তৃপক্ষ	অর্থায়নের উৎস	এস্টিমেটেড কস্ট (হাজার টাকার)	প্রক্রিয়ার জন্য টাইম কোড	বিজ্ঞাপন EOI	ইস্যু RFP	প্রস্তাব উন্মুক্তকরণ	প্রস্তাব মূল্যায়ন	আর্থিক প্রস্তাব উন্মুক্তকরণ ও মূল্যায়ন	নেগোসিয়েশন	অনুমোদন	চুক্তি স্বাক্ষরের জন্য (NoA) জারি	চুক্তি স্বাক্ষরের জন্য মোট সময় (দিন)	চুক্তি সম্পাদনের সময়সীমা (দিন)
	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
১১০ ইন ক্রান্ত য় -1	বেসরকারি আইনজীবী নিয়োগ	সংখ্যা	০১ (এক) জন	ICS National	HOPE	GOB	TOR অনুযায়ী	পরিকল্পিত তারিখ	২৩-১১-২৬	০	০৭-১২-২৬	২২-১২-২৬	০	২৯-১২-২৬	০৫-০১-২৭	১২-০১-২৭	-	১৯-০১-২৭
								পরিকল্পিত দিন	০	০	১৪	১৫	০	০৭	০৭	০৭	৫০	৫৭
								প্রকৃত তারিখ	-	-	-	-	-	-	-	-	-	-

০৮/১১/২০২৬
মোঃ হাবিবুর রহমান
সিনিয়র সহকারী সচিব
আইন শাখা
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০৯/১১/২০২৬
যুগ্মসচিব
সমন্বয় ও আইন
পরিকল্পনা বিভাগ

10/11/26
এস, এম, রেজাউল মোস্তফা কামাল
অতিরিক্ত সচিব
পরিকল্পনা বিভাগ

১০/১১/২০২৬
এস এম শাকিল আখতার
সচিব
পরিকল্পনা বিভাগ